ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি দপ্তর
******

স-২০১৮

কুমারঘাট, ৩০ জুলাই, ২০২৫

**স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষে কুমারঘাটে প্রস্তুতি সভা অনুষ্ঠিত**

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে কুমারঘাট মহকুমায় এবছর ৭৯তম স্বাধীনতা দিবস উদযাপন করা হবে। মহকুমার মূল অনুষ্ঠানটি আয়োজিত হবে পাবিয়াছড়া দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ের মাঠে। গতকাল মহকুমা শাসক কার্যালয়ে স্বাধীনতা দিবসের প্রস্তুতি সভায় এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়। ১৫ আগস্ট সকাল ৯টায় মহকুমার মূল অনুষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন, আরক্ষা বাহিনীর কুচকাওয়াজ প্রদর্শন ও অভিবাদন গ্রহণের পর বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের দ্বারা দেশাত্মবোধক সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হবে। তার আগে কুমারঘাট পুর পরিষদ এলাকায় প্রভাতফেরী ও সকাল ৭টায় মহকুমার সমস্ত সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন করা হবে।

স্বাধীনতা দিবস উদযাপনের অঙ্গ হিসেবে আগামী ১৩ আগস্ট সকাল ৭টায় পাবিয়াছড়া বাজার, ফটিকরায় বাজার, পেঁচারথল বাজার, মাছমারা বাজার সহ অন্যান্য বাজারগুলোতে স্বচ্ছ ভারত অভিযান সংগঠিত করা হবে। সেদিন সকাল ১১টায় গীতাঞ্জলি অডিটোরিয়ামে শিশুদের মধ্যে বসে আঁকো প্রতিযোগিতা আয়োজিত হবে। ১৪ আগস্ট সমস্ত স্কুল ও সরকারি অফিসে সাফাই অভিযান সংগঠিত করা হবে। ঐদিন বিকালে কুমারঘাটের পূর্ত ময়দানে প্রীতি ফুটবল ম্যাচ অনুষ্ঠিত হবে। স্বাধীনতা দিবসের দিন দুপুরে মহকুমা হাসপাতাল, প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র ও উপস্বাস্থ্য কেন্দ্রের রোগীদের মধ্যে ফল ও মিষ্টি বিতরণ করা হবে। এছাড়াও ১৫ ও ১৬ আগস্ট গীতাঞ্জলি অডিটোরিয়ামে দেশাত্মবোধক সাংস্কৃতিক সন্ধ্যা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান আয়োজিত হবে। সভায় বিধায়ক ভগবান চন্দ্র দাস বলেন, স্বাধীনতা দিবস আমাদের জাতীয় উৎসব। এই জাতীয় দিবসে আমাদের দেশপ্রেমকে আরও সুদৃঢ় করতে হবে। সভায় উপস্থিত ছিলেন ঊনকোটি জিলা পরিষদের সহকারি সভাধিপতি সন্তোষ ধর, পুর পরিষদের চেয়ারপার্সন বিশ্বজিৎ দাস, এসডিপিও উৎপলেন্দু দেবনাথ সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। মহকুমা শাসক এন এস চাকমা স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষে ৪ দিনব্যাপী অনুষ্ঠান সূচির বিষয়ে আলোচনা করে সকলের সহযোগিতা কামনা করেন।

*******